

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭০১

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৩৪. যে ঘর-বাড়িতে ছবি থাকে, সেখানে (রহমতের) ফিরিশতা প্রবেশ করেন না

باب لَا تَدْخُلُ الْمَلَائِكَةُ بَيْتًا فِيهِ تَصَاوِيرُ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ حَدَّثَنَا عُمَارَةُ بْنُ الْقَعْقَاعِ حَدَّثَنَا الْحَارِثُ الْعُكْلِيُّ عَنْ أَبِي زُرْعَةَ بْنِ عَمْرِو بْنِ جَرِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ نُجَيِّ عَنْ عَلِيٍّ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ الْمَلَكَ لَا يَدْخُلُ بَيْتًا فِيهِ كَلْبُ وَلَا صُورَةٌ وَلَا جُنُبٌ

বাংলা

২৭০১. আলী ইবনে আবু তালিব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ঘরে কুকুর, ছবি ও 'জুনুবী' (অপবিত্র) ব্যক্তি থাকে, সেই ঘরে ফেরেশতাগণ প্রবেশ করেন না।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ যদি আব্দুল্লাহ বিন নুজাই আলী রাদ্বিয়াল্লাহু আনহু হতে শ্রবণ করে থাকেন।...

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৩১৩ (জাইয়্যেদ সনদে), ৫৯২, ৬২৬ ও সহীহ ইবনু হিব্বান নং ১২০৫ ও মাওয়ারিদুয যাম'আন নং ১৪৮৪ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন